

চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-৩

সদর দপ্তর: শিবপুর, সীতাকুন্ড, চট্টগ্রাম
মোবাইল: ০১৭৬৯-৪০০৯৯৯



Email: ctgpbs3sitakunda@gmail.com, Website : www.pbs3.chittagong.gov.bd

স্মারক নং- ২৭.১২.১৫৮৬.৫৬৮.০১.০৩৮.২১. ৩৬২৭

তারিখঃ ২৭ অক্টোবর, ২০২১
১১ কার্তিক, ১৪২৮

বিষয়ঃ শীতের পোষাক সরবরাহের দরপত্র (RFQ) আহ্বান প্রসঙ্গে।


চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-৩ কর্তৃক নিজস্ব তহবিলের আওতায় সুপারভাইজার এবং কর্মচারীদের শীতের পোষাক সরবরাহের লক্ষ্যে বাংলাদেশী প্রকৃত বিক্রেতা/প্রস্তুতকারী/ সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে নিম্নোক্ত শর্তসাপেক্ষে নিজস্ব লেটারহেড প্যাডে সীলমোহরকৃত দরপত্র (RFQ) আহ্বান করা যাচ্ছে।

ক্র/নং	বিবরণ	পরিমাণ	একক দর (টাকা)	মোট দর (টাকা)	দরপত্র গ্রহণ ও খোলার সময়	
					গ্রহণ	খোলা
০১	সুপারভাইজারদের শীতের পোষাক : (উন্নতমানের জ্যাকেট) উন্নতমানের বিদেশী কাপড়ের জ্যাকেট বুক পর্যন্ত উন্নতমানের চেইন ও সেলাই, ভিতরে পকেট, সুপার স্টার ডিজাইন। পবিসে সংরক্ষিত নমুনা মোতাবেক। সাইজ- L / XL / XXL / XXXL	১১ টি			০৪/১১/২০২১ খ্রি. তারিখ	০৪/১১/২০২১ খ্রি. তারিখ
০২	কর্মচারীদের শীতের পোষাক : (উন্নতমানের জ্যাকেট) বিদেশী প্যারাসুট/ সিনথেটিক কাপড় ও লাইনিংসহ ওয়াটার প্রুপ, চায়নার তৈরী) পবিসে সংরক্ষিত নমুনা মোতাবেক। সাইজ- L / XL / XXL / XXXL	৮৫টি			১২:০০ ঘটিকা পর্যন্ত	১২:০৫ ঘটিকা পর্যন্ত
মোট =						

শর্তাবলীঃ


- ০১। নির্ধারিত সময়ের মধ্যে সীলমোহরকৃত দরপত্র (ক) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (দক্ষিণাঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সদর দপ্তর, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯ অথবা (খ) চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-৩ এর সদর দপ্তর, শিবপুর, সীতাকুন্ড, চট্টগ্রাম এ রক্ষিত টেন্ডার বাঞ্ছা দাখিল করতে হবে।
- ০২। খামের উপর “শীতের পোষাক সরবরাহের দরপত্র” কথাটি উল্লেখ করতে হবে।
- ০৩। প্রতিটি দরপত্রের সাথে হালনাগাদ ট্রেড লাইসেন্স, ভ্যাট রেজিস্ট্রেশন সনদ, ব্যাংক সলভেন্সি ও আয়কর সনদ এর সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে।
- ০৪। শীতের পোষাকের নমুনা যে কোন দিন (সরকারী ছুটি ও সাপ্তাহিক ছুটির দিন ব্যতীত) অফিস চলাকালীন সময়ে চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-৩ এর সদর দপ্তর (প্রশাসন বিভাগ) হতে দেখা যাবে।
- ০৫। কার্যাদেশ প্রদানের ১৫ দিনের মধ্যে মালামাল সরবরাহ করতে হবে। সরবরাহকৃত মালামালের বিপরীতে মোট কার্যাদেশের মূল্যের ১০% নিরাপত্তা জামানত কর্তন করা হবে, যা ০৬ (ছয়) মাস পর ফেরত প্রদান করা যেতে পারে।
- ০৬। কার্যাদেশ প্রদানের সময় মালামালের পরিমাণ কম বা বেশি করার ক্ষমতা পবিস কর্তৃক সংরক্ষিত। কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানকে পবিসে সংরক্ষিত নমুনা মোতাবেক উন্নতমানের মালামাল সরবরাহ করতে হবে।

- ০৭। সর্বনিম্ন ও রেসপনসিভ দরদাতা প্রতিষ্ঠানকে বর্ণিত মালামাল সরবরাহের জন্য কার্যাদেশ প্রদান করা হবে। মালামালের গুণগত মান সন্তোষজনক এবং নমুনা মোতাবেক না হলে কোন অবস্থাতেই উক্ত মালামাল গ্রহণ করা হবে না।
- ০৮। সন্তোষজনক মালামাল সরবরাহের পর চালান ও বিল দাখিল সাপেক্ষে Account Payee Cheque এর মাধ্যমে বিল পরিশোধ করা হবে, তবে সরকারি নিয়মানুযায়ী ভ্যাট ও আয়কর কর্তন করা হবে।
- ০৯। নির্দিষ্ট সময়ের মধ্যে মালামাল সরবরাহে ব্যর্থ হলে প্রতিদিন বিলম্বের জন্য কার্যাদেশে উল্লিখিত মোট মূল্যের ১% এর $\frac{১}{১০}$ অংশ হিসাবে কর্তন করা হবে। তবে কোন অবস্থাতেই কর্তনযোগ্য জরিমানা মোট মূল্যের ১০% এর অধিক হবে না।
- ১০। দরপত্রে উদ্ধৃত একক দর ও মোট দর স্পষ্টাক্ষরে লিখতে হবে। কোনরূপ ঘষামাজা বা কাটাকাটি ও ফ্লুইড ব্যবহার গ্রহণযোগ্য হবে না।
- ১১। দরপত্রে একক দর ও মোট উদ্ধৃত দরের মধ্যে কোন গাণিতিক ভুল থাকলে সর্বক্ষেত্রে একক দর গ্রহণযোগ্য হিসেবে বিবেচনা করা হবে। অস্পূর্ণ দরপত্র বাতিল বলে গণ্য হবে।
- ১২। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন/সকল দরপত্র গ্রহণ/বাতিল করার ক্ষমতা সমিতি কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।
- ১৩। শর্তবহির্ভূত কোন সমস্যার উদ্ভব হলে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।


(নূর মোহাম্মদ আজম মজুমদার)
সিনিয়র জেনারেল ম্যানেজার

অনুলিপি: সদয় অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের অনুরোধ সহ।

- ০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (দক্ষিণাঞ্চল) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (দরপত্র বিজ্ঞপ্তিতে বর্ণিত তারিখে দরপত্র গ্রহণের সদয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ০২। জেলা প্রশাসক/ পুলিশ সুপার, চট্টগ্রাম।
- ০৩। সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার..... সমিতি-১/ ২/ ৩/ ৪।
- ০৪। নির্বাহী প্রকৌশলী, চট্টগ্রাম (উত্তর), বাপবিবোর্ড, চট্টগ্রাম।
- ০৫। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/সড়ক ও জনপথ বিভাগ, চট্টগ্রাম।
- ০৬। ডিজিএম, সদর-কারিগরি/মীরসরাই/হাটহাজারী/বারৈয়ারহাট জোনাল অফিস।
- ০৭। এজিএম (অর্থ/ সদস্য সেবা/ ওএন্ডএম/ ইএন্ডসি)
- ০৮। নোটিশ বোর্ড ও অত্র সমিতির ওয়েবসাইট (www.pbs3.chittagong.gov.bd)
- ০৯। অফিস কপি/মাস্টার কপি।


(নূর মোহাম্মদ আজম মজুমদার)
সিনিয়র জেনারেল ম্যানেজার